



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং: ঢাবো/পনি/৭১৪

তারিখ: ১৫/০৪/২০২৬ খ্রি.


বিষয়: এসএসসি পরীক্ষা ২০২৬-এর প্রধান পরীক্ষক ও পরীক্ষকদের উত্তরপত্র গ্রহণ নিশ্চিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, এসএসসি পরীক্ষা ২০২৬-এর উত্তরপত্র মূল্যায়নের লক্ষ্যে eTIF ডাটা থেকে প্রধান পরীক্ষক/পরীক্ষক নিয়োগ দেওয়া হয়। বোর্ড থেকে নিয়োগকৃত প্রধান পরীক্ষক/পরীক্ষকদের উত্তরপত্র সংগ্রহের জন্য তারিখ ও সময় উল্লেখপূর্বক মোবাইল ফোনে এসএমএস করা হয়। কিন্তু লক্ষ্য করা গেছে অনেক প্রধান পরীক্ষক/পরীক্ষক নির্ধারিত তারিখে উত্তরপত্র গ্রহণ করেন না ফলে পরীক্ষার্থীদের উত্তরপত্র মূল্যায়নে জটিলতার সৃষ্টি হয়।

এমতাবস্থায়, ঢাকা শিক্ষা বোর্ড কর্তৃক নিয়োগকৃত প্রধান পরীক্ষক/পরীক্ষকদের এসএসসি পরীক্ষা ২০২৬-এর উত্তরপত্র মূল্যায়নের লক্ষ্যে নির্ধারিত তারিখ ও সময়ে বোর্ডে উপস্থিত হয়ে উত্তরপত্র সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো। উপর্যুক্ত কারণ ব্যতিরেকে কোনো প্রধান পরীক্ষক/পরীক্ষক অনুপস্থিত থাকলে তাদের বিরুদ্ধে বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।


১৫/০৪/২০২৬

প্রফেসর এস এম কামাল উদ্দিন হায়দার
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ০২-২২৩৩৬৯৮১৫

প্রধান শিক্ষক/অধ্যক্ষ

ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন এসএসসি পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১. জেলা প্রশাসক, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা
২. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৩. উপজেলা নির্বাহী কর্মকর্তা, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা
৪. জেলা শিক্ষা কর্মকর্তা, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা
৫. কেন্দ্র সচিব, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন এসএসসি পরীক্ষা ২০২৬-এর সকল কেন্দ্র
৬. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা/থানা
৭. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৮. অফিস কপি।